

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা  
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।  
ফোন নং- ৮৯০০৫১৩  
ই-মেইলঃ rebseict@gmail.com  
website: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.২৬৩৭.১১২.০২.১৩৩.১৮.৫৫৬

তারিখঃ ০৮/০২/২০১৯ ইং।

বিষয়ঃ বাপবিবোর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।


সভাপতিঃ হেদায়েতুল ইসলাম, পরিচালক (কারিগরী), বাপবিবো, ঢাকা।  
সভার তারিখঃ ০৫/০২/২০১৯ খ্রিঃ  
সভার সময়ঃ সকাল ১০:০০ মিনিট  
স্থানঃ আইসিটি পরিদপ্তর  
উপস্থিতিঃ তালিকা সংযুক্ত।

শুরুতে সভার সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বাপবিবোর ইনোভেশন কার্যক্রম সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং নিম্নের ছকে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	ইনোভেশন টিম পুনঃগঠন	ইতোমধ্যে বাপবিবোর ইনোভেশন কমিটির একজন সদস্য ঢাকার বাইরে বদলি হওয়ায় ইনোভেশন কমিটি পুনঃগঠন করা প্রয়োজন।	ইনোভেশন কমিটি পুনঃগঠনের জন্য পরিচালক, কর্মচারী প্রশাসন, বাপবিবোকে অনুরোধ জানানো হবে।
০২	আইসিটি বিষয়ক যাবতীয় কার্যক্রমসমূহ পর্যালোচনা	পেপারলেস অফিস বাস্তবায়নে বাপবিবোর গৃহীত/গৃহীতব্য পদক্ষেপ এবং আইসিটি বিষয়ক যাবতীয় কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়।	পেপারলেস অফিস বাস্তবায়নে বাপবিবোর গৃহীত/গৃহীতব্য পদক্ষেপসমূহ যথাযথভাবে এবং যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।
০৩	বিদ্যুৎ বিল প্রদান সহজীকরণ	উক্ত বিষয়ের উপর ইতোমধ্যে বাপবিবোর মনোনীত প্রতিনিধিগণ গত ২৭-০১-২০১৯ খ্রিঃ হতে ৩১-০১-২০১৯ খ্রিঃ পর্যন্ত a2i কর্তৃক আয়োজিত একটি ৫ দিনের কর্মশালায় অংশগ্রহণ করেছেন এবং আইসিটি দপ্তরের নিজস্ব জনবল দ্বারা এতদসংক্রান্ত সফটওয়্যার উন্নয়নের কাজ চলমান রয়েছে।	আগামী জুন' ১৯ এর মধ্যে ঢাকা পবিস-৪, ময়মনসিংহ পবিস-২ এবং যশোর পবিস-১ এ পাইলট ভিত্তিতে বাস্তবায়ন শুরু করা হবে।
০৪	মাসিক সভা সংক্রান্ত	ইনোভেশন টিমের নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান নিশ্চিত করা প্রয়োজন।	প্রতি মাসে ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০৫	ইনোভেশন শোকেসিং	বিদ্যুৎ বিভাগ থেকে কেন্দ্রীয়ভাবে মার্চ, ২০১৯ এ একটি ইনোভেশন শোকেসিং এর আয়োজন করবে এবং বাপবিবো উক্ত শোকেসিং এ অংশগ্রহণ করবে।	এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হবে এবং আলোর ফেরিওয়াল কার্যক্রমকে ইনোভেশন শোকেসিং এ অন্তর্ভুক্ত করা হবে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হেদায়েতুল ইসলাম)  
পরিচালক (কারিগরী)

ও

ইনোভেশন অফিসার, বাপবিবো

অনুলিপি :

- ১। প্রধান প্রকৌশলী (পওপ), বাপবিবো, ঢাকা।
- ২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/ডিএন্ডও/পিএন্ড ডি), বাপবিবো, ঢাকা।
- ৪। জনাব আরশাদ হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, বাপবিবো।
- ৪। জনাব মোঃ জিয়াউল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মানিকগঞ্জ ও সদস্য, ইনোভেশন টিম, বাপবিবো।
- ৫। জনাব শারমিন সুলতানা, এজিএম (আইটি), আইসিটি পরিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, বাপবিবো (ওয়েবসাইট এ প্রকাশ করার অনুরোধসহ)।